# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 18, 1432 Bangla, March 03, 2026, Tuesday, No. 62, 56th year

# H I G H L I G H T S

The government has formed a 'special cell' to resolve visa complications for expatriates stranded in Bangladesh due to the ongoing war situation in the Middle East. [Jago FM: 09]

Two Bangladeshis were killed and seven others injured due to separate missile and drone attacks in different parts of the Middle East. [Jago FM: 09]

State Minister for Foreign Affairs Shama Obaid stated that ensuring the safety of Bangladeshi citizens traveling and residing in Middle East is govt.'s "number one priority" amid current regional conflict. [Jago FM: 10]

NCP convener and opposition whip Nahid Islam has described the statement given by government in the context of the assassination of Iran's supreme religious leader Ayatollah Ali Khamenei and the joint attack on the country by the US and Israel as 'extremely genuflected'. [Jago FM: 12]

The Bangladesh Embassy in Riyadh has issued an urgent notice for Bangladeshis living in Saudi Arabia. [Jago FM: 08]

A joint statement from the United States and six Gulf allies said Iran's actions in those regions were "very dangerous" and a threat to stability in the Middle East. [BBC: 06]

The US and Israel have intensified their attacks on Iran since the assassination of its supreme leader, and the conflict has intensified since Iran vowed to retaliate. [NHK: 07]

A seven-year-old child, with her throat slit, was rescued at the Sitakunda Eco Park in the Chattogram's Sitakunda upazila. [DW: 08]

Local leaders and activists of the Jubo Dal have been accused of entering the Shyamnagar Upazila Press Club in Satkhira and attacking a journalist over the publication of news. [DW: 07]

According to DGHS at least 1,500 people were hospitalized with dengue fever in the two months from January this year, and four people died. Entomologists believe that the increase in mosquitoes is due to non-cleaning of drains, filling of canal junctions and stagnant stagnant water. [BBC: 03]

## দৈনিক মনিটরিং রিপোর্ট

### মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

### ফাল্গুন ১৮, বাংলা ১৪৩২, মার্চ ০৩, ২০২৬, মঙ্গলবার, নং- ৬২, ৫৬তম বছর

# শিরোনাম

মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ পরিস্থিতিতে বাংলাদেশে আটকে পড়া প্রবাসীদের ভিসা জটিলতা নিরসনে `বিশেষ সেল, গঠন করেছে সরকার। [জাগো এফএম: ০৯]

মধ্যপ্রাচ্যের বিভিন্ন এলাকায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার ঘটনায় দুই বাংলাদেশি নাগরিক নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অন্তত সাতজন। [জাগো এফএম: ০৯]

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে বিদেশগামী ও সেসব দেশে অবস্থানরত প্রবাসী বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করাকে সরকারের `নাম্বার ওয়ান প্রায়োরিটি, বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। [জাগো এফএম: ১০]

ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত এবং দেশটিতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার প্রেক্ষাপটে বাংলাদেশ সরকারের দেওয়া বার্তাকে `অত্যন্ত নতজানু, --- মন্তব্য করেছেন এনসিপি,র আহ্বায়ক নাহিদ ইসলাম। [জাগো এফএম: ১২]

সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের জন্য জরুরি বিজ্ঞপ্তি জারি করেছে দেশটিতে থাকা বাংলাদেশের দূতাবাস। [জাগো এফএম: ০৮]

যুক্তরাষ্ট্র ও উপসাগরীয় অঞ্চলের ছয়টি মিত্র দেশের এক যৌথ বিবৃতিতে বলা হয়েছে, ওইসব অঞ্চলে ইরানের পদক্ষেপ খুবই বিপজ্জনক, যা মধ্যপ্রাচ্যের স্থিতিশীলতার জন্য হুমকি। [বিবিসি: ০৬]

ইরানের শীর্ষ নেতাকে হত্যার পর দেশটিতে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল তাদের আক্রমণের তীব্রতা বৃদ্ধি করেছে। ইরান পাল্টা প্রতিশোধ নেওয়ার ঘোষণা দেওয়ার পর থেকে এই সংঘাত আরও ঘনীভূত হচ্ছে। [এনএইচকে: ০৭]

চট্টগ্রামের সীতাকুণ্ড পৌর সদরের বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কের ভেতরে দুর্গম পাহাড়ি এলাকা থেকে গলায় ছুরিকাঘাতে আহত এক কন্যাশিশুকে উদ্ধার করা হয়েছে। [ডয়চে ভেলে: ০৮]

সংবাদ প্রকাশের জেরে সাতক্ষীরার শ্যামনগর উপজেলা প্রেসক্লাবে ঢুকে সাংবাদিকের ওপর হামলার অভিযোগ উঠেছে যুবদলের স্থানীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে। [ডয়চে ভেলে: ০৭]

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এবছরের ১ জানুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত দুই মাসে অন্তত দেড় হাজার জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন, মারা গেছেন চারজন। ড্রেন পরিষ্কার না করা, খালের সংযোগস্থল ভরাট এবং জমে থাকা পচা পানির কারণেই মশা বেড়েছে বলে মত কীটতত্ত্ববিদের। [বিবিসি: ০৩]

# বিবিসি

## সমালোচনার মুখে ইরান ইস্যুতে বাংলাদেশ সরকারের নতুন বিবৃতি

ইরান ইস্যুতে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি নিয়ে আলোচনা-সমালোচনার মুখে পরদিন সোমবার ঢাকায় এই মন্ত্রণালয় নতুন করে বিবৃতি দিয়েছে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় নতুন বিবৃতিতে বলেছে, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে হামলা চালিয়ে হত্যার ঘটনাটি আন্তর্জাতিক আইনের লজ্ঘন। এর আগে, রোববার আরেকটি বিবৃতিতে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় একটি বিবৃতি দিয়েছিল। সেখানে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতার মৃত্যু নিয়ে বাংলাদেশ কোনো বক্তব্য দেয়নি। রোববারের ওই বিবৃতিতে বলা হয়েছিল, যেখানে ইরানের পাল্টা হামলায় মধ্যপ্রাচ্যের 'কয়েকটি দেশের সার্বভৌমত্ব লজ্ঘনের ঘটনা ঘটেছে দাবি করে এর নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। অন্যদিকে, ইরানে যে হামলা হয়েছে, তা নিয়ে শুধু উদ্বেগ প্রকাশ করেছিল বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। বিষয়টি নিয়ে নানা সমালোচনার পর সোমবার বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় নতুন করে আরেকটি বিবৃতিতে বলেছে, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে লক্ষ্য করে চালানো হামলায় তিনি নিহত হয়েছেন, যা আন্তর্জাতিক আইন ও নিয়মের লজ্ঘন। এতে বলা হয়, বাংলাদেশ ইরানের ভ্রাতৃপ্রতিম জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে। বাংলাদেশ মনে করে, সংঘাত কখনও সমাধান এনে দেয় না। কেবল সংলাপ, পারস্পরিক শ্রদ্ধা এবং আন্তর্জাতিক আইন মেনে চলার মাধ্যমেই বিরোধের সমাধান সম্ভব।(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## 'ঘরে মশা, বাইরে মশা, যেখানেই যাই মশা'- যে তিন কারণে বাংলাদেশে মশার অসহনীয় উপদ্রব

"ঘরে মশা, বাইরে মশা, যেখানেই যাই মশা। মশার যন্ত্রণায় অতিষ্ঠ। বিশেষ করে সন্ধ্যার পর মনে হয় মশা যেন তুলে নিয়ে যাবে।„ বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন ঢাকার উত্তরা এগারো নম্বর সেক্টরের খিদির খাল এলাকার বাসিন্দা শরিফুল হোসেন। দিনের বেলায়ও মশার কয়েল অথবা মশা প্রতিরোধক রিপিলেন্ট ব্যবহার করেও কাজ হচ্ছে না বলে দাবি করেন তিনি। মশার যন্ত্রণায় অতিষ্ঠ রাজধানীর রামপুরা আফতাবনগর এলাকার বাসিন্দা সিমি আক্তারও। বিবিসি বাংলাকে তিনি বলেন, বাসায় ছোটো শিশু থাকায় মশা থেকে বাঁচতে দিন-রাত সবসময় বাসার দরজা-জানালা বন্ধ রাখছেন। মশার এমন ভয়াবহ উপদ্রবেও সরকারের পক্ষ থেকে তেমন কোনো পদক্ষেপ চোখে পড়ছে না বলে অভিযোগ সাধারণ মানুষের। ঢাকার মোহাম্মদপুর এলাকার বাসিন্দা গোপাল বিশ্বাস বিবিসি বাংলাকে বলেন, "আগে তো মাঝেমধ্যে ধোঁয়া মারতে দেখতাম, অনেক দিন হলো সেটাও চোখে পড়ে না।„ মশা বেড়েছে ঢাকার অভিজাত এলাকা হিসেবে পরিচিত গুলশান কিংবা বসুন্ধরা আবাসিক এলাকায়ও।

কেবল ঢাকায়ই নয় চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও রাজশাহী সিটির কয়েকজন বাসিন্দার সঙ্গে কথা বলে ওইসব এলাকায়ও হঠাৎ করেই মশা বৃদ্ধির খবর পাওয়া গেছে। এমন প্রেক্ষাপটে মশাবাহিত রোগ, বিশেষ করে ডেঙ্গু নিয়ে শঙ্কা বেড়েছে সাধারণ মানুষের। স্বাস্থ্য অধিদপ্তরের সবশেষ তথ্য অনুযায়ী, এবছরের ১ জানুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত দুই মাসে অন্তত দেড় হাজার জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন, মারা গেছেন চারজন। ড্রেন পরিষ্কার না করা, খালের সংযোগস্থল ভরাট এবং জমে থাকা পচা পানির কারণেই মশা বেড়েছে বলে মত কীটতত্ত্ববিদের। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষক ও কীটতত্ত্ববিদ অধ্যাপক কবিরুল বাশার বলছেন, স্থানীয় প্রশাসনে দীর্ঘদিনের অচলাবস্থার কারণে কেবল ঢাকাই নয়, মশার উপদ্রব বেড়েছে গোটা দেশেই।

### যে তিন কারণে মশা বেড়েছে

শীতের বিদায় আর বসন্তের আগমনে প্রকৃতিতে যখন পরিবর্তনের হাওয়া, ঠিক তখনই সারা দেশে মশার উপদ্রব ভয়াবহ রূপ ধারণ করেছে। রাজধানী ঢাকা থেকে শুরু করে জেলা-উপজেলা শহরেও মশার দাপটে অতিষ্ঠ সাধারণ মানুষ। বছরের এই সময়ে প্রতি বছরই মশা কিছুটা বাড়ে বলেই মত কীট তত্ত্ববিদের। তবে এবার মশার উপদ্রব অনেকটা বেশি বলেই জানিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষক ও কীটতত্ত্ববিদ অধ্যাপক কবিরুল বাশার। এর পেছনে মোটাদাগে তিনটি কারণকে দায়ী করছেন মি. বাশার। তিনি বলছেন, অন্তর্বর্তীকালীন সরকারের সময় দেশের স্থানীয় সরকার প্রশাসন পুরোপুরি ভঙ্গুর অবস্থায় ছিল, মাঠপর্যায়ে প্রশাসন ছিল না বললেই চলে। দীর্ঘদিন ধরে চলা এই অচলাবস্থার কারণে বর্জ্য ব্যবস্থাপনার কাজগুলো কার্যত অকার্যকর হয়ে পড়ায়, বিশেষ করে জনবহুল সিটি করপোরেশন এলাকাগুলোতে মশা অধিক হারে বেড়েছে বলেই মনে করেন তিনি। বিবিসি বাংলাকে মি. বাশার বলছেন, "ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, সিটি করপোরেশনের মতো স্থানীয় সরকার প্রশাসনের যে অঙ্গপ্রতিষ্ঠানগুলো ছিল, পুরো কাঠামোটাই ভেঙে পড়েছে।„

দ্বিতীয়ত, বর্জ্য ব্যবস্থাপনা ও মশক নিয়ন্ত্রণ কার্যক্রমসহ সব ধরনের তৎপরতার গতি কমে যাওয়ার পাশাপাশি, দীর্ঘ সময় বৃষ্টি না থাকায় ড্রেন, ডোবা, নর্দমার পানি আটকে কিউলেক্স মশার বংশবৃদ্ধির জন্য উপযোগী পরিবেশ তৈরি হয়েছে বলেও মনে করেন মি. বাশার। "বৃষ্টি না হওয়ায় ড্রেন, ডোবা, নর্দমার জমে থাকা পানি স্থির থেকেছে, সেই পানি পরিষ্কার না করার দীর্ঘদিন ধরে পচেছে। এখন বসন্তের আগমনে কিছুটা তাপমাত্রা বৃদ্ধি পাওয়ায় গরমে মশার

বংশবৃদ্ধির উপযোগী পরিবেশ তৈরি হয়েছে।„ শুষ্ক সময়ে জমে থাকা পানি যদি সিটি করপোরেশন বা স্থানীয় প্রশাসন পরিষ্কারের ব্যবস্থা নিত, তাহলে পানি পচতো না। মশার প্রজননের সুযোগও কমে যেত। তবে "এখন যে মশাটা আছে, তার ৯২ ভাগই কিউলেক্স মশা। এই মশার বংশবৃদ্ধি হয় ড্রেন, ডোবা, নর্দমার পচা পানিতে,„ বলেন তিনি। তৃতীয় কারণ হিসেবে মশা নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা না নেওয়াকে দায়ী করছেন এই কীটতত্ত্ববিদ। তার মতে, কেবল গত আঠারো মাসে নয়, বাংলাদেশে মশার বংশবৃদ্ধি নিয়ন্ত্রণে কখনই কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি।

বাংলাদেশে সাধারণত মশা নিয়ন্ত্রণে যে ফগিং বা ধোঁয়ার ব্যবহার করা হয়, সেটি কার্যকর কোনো সমাধান নয় বলেই মনে করেন মি. বাশার। তিনি বলছেন, এর মাধ্যমে নাগরিকদের কেবল খুশি করার চেষ্টা করা হয়। ছোট বাচ্চাদের চকলেট দিয়ে যেমন খুশি করার চেষ্টা করা হয়, ঠিক একইভাবে নাগরিকদের খুশি করার পদক্ষেপ হচ্ছে ফগিং,„ বলেন তিনি। উন্নত বিশ্বের উদাহরণ টেনে কবিরুল বাশার বলেন, স্বাস্থ্য ও পরিবেশগত ঝুঁকি থাকায় পৃথিবীর বেশিরভাগ দেশেই, মশা নিয়ন্ত্রণে ধোয়া ব্যবহার এখন আর অনুমোদিত নয়।

**ডেঙ্গু নিয়ে শঙ্কা**

বাংলাদেশে সাধারণত বর্ষা মৌসুম অর্থাৎ জুন থেকে অক্টোবর মাস পর্যন্ত ডেঙ্গুর প্রকোপ সবচেয়ে বেশি থাকে। কারণ এই সময়ে গরম ও বৃষ্টির কারণে জমে থাকা পানিতে ডেঙ্গুবাহী এডিস মশার বংশবৃদ্ধি দ্রুত হয়। যদিও ডেঙ্গু এখন আর নির্দিষ্ট কোনো মৌসুমে সীমাবদ্ধ নেই। বছরের যে-কোনো সময়ই ডেঙ্গু আক্রান্ত হওয়ার শঙ্কা রয়েছে বলেই মনে করেন জনস্বাস্থ্যবিদরা। সারা দেশে মশার উপদ্রব ভয়াবহ আকারে বাড়লেও, ডেঙ্গু আক্রান্তের হার এখনও আশঙ্কাজনক নয় বলেই মনে করেন জনস্বাস্থ্যবিদ এবং কীট তত্ত্ববিদরা। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ বছর এখন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে চারজনের মৃত্যু হয়েছে। তবে, মশার বর্তমান আধিপত্য এখনই নিয়ন্ত্রণ না করা গেলে, আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গু ও চিকুনগুনিয়া পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করতে পারে বলে সতর্ক করেছেন চিকিৎসকরা। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. মুশতাক হোসেন বলছেন, মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সরকারের পক্ষ থেকে যেমন পদক্ষেপ জরুরি তেমনি সাধারণ মানুষের সচেতনতাও প্রয়োজন। বিবিসি বাংলাকে তিনি বলেন, "ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় অতীতের অভিজ্ঞতা কাজে লাগানো দরকার। আমাদেরকে অবশ্যই আগেভাগে প্রস্তুতি রাখতে হবে, এপ্রিলে বৃষ্টি শুরু হলে এডিস মশা আমাদের চিন্তার কারণ হতে পারে।„ ডেঙ্গুর শঙ্কা কিছুটা কম থাকলেও, কিউলেক্স মশাবাহিত রোগ এই সময় হতে পারে বলে মনে করেন কীটতত্ত্ববিদ অধ্যাপক কবিরুল বাশার। তিনি বলছেন, "যখনই বৃষ্টি শুরু হবে, তখন কিউলেক্স মশা মরবে আর এডিস মশা বাড়বে। কারণ বৃষ্টির পানি বিভিন্ন পাত্রে জমা হয়ে এডিস মশার প্রজননের উপযুক্ত পরিবেশ তৈরি করবে।„ এ কারণেই বৃষ্টি শুরুর আগে এডিস মশার নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করার পরামর্শ তার। এক্ষেত্রে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট খুবই গুরুত্বপূর্ণ বলে মনে করেন মি. বাশার। তিনি বলছেন, "ছোটো বড়ো পড়ে থাকা পাত্র ধ্বংস করতে হবে। এপ্রিলে বৃষ্টি শুরুর আগেই এগুলো করতে হবে, যাতে বৃষ্টি শুরু হলেই পানি জমে থাকতে না পারে।„

**মশা নিয়ন্ত্রণে কী পদক্ষেপ নেওয়া হয়েছে?**

মশার উপদ্রব এবং মশাবাহিত রোগ নিয়ে নানা আলোচনা হলেও, এর যেন কোনো সমাধান নেই। প্রতি বছরই অসংখ্য মানুষের মৃত্যু হয় ছোট্ট এই জীবের কামড়ে। সম্প্রতি মশার উপদ্রব যে মাত্রায় বৃদ্ধি পেয়েছে, সেটি নিয়ন্ত্রণে ড্রেন, ডোবা, নর্দমার মতো যে-সব জায়গায় পচা পানি জমে থাকার সুযোগ রয়েছে, সেগুলো পরিষ্কার করাই সব থেকে কার্যকর উপায় বলে মনে করেন কীটতত্ত্ববিদ এবং জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা। কীটতত্ত্ববিদ অধ্যাপক কবিরুল বাশার বলছেন, পরিষ্কার করার পর এই জায়গাগুলোতে কীট নিয়ন্ত্রণের ঔষধ ব্যবহার করতে হবে। যাতে মশার প্রজননস্থলগুলোই ধ্বংস হয়। "মশার উৎপত্তিস্থল যদি আমরা নষ্ট করতে পারি, তাহলে উড়ন্ত মশা পরবর্তীতে আর আসবেই না। আর মশার জন্মস্থান নষ্ট করে মশা নিয়ন্ত্রণ যত সহজ, উড়ন্ত মশা নিয়ন্ত্রণ করা তো অতটা সহজ না,„ বলেন তিনি। মশা নিয়ন্ত্রণে কী পদক্ষেপ নিচ্ছে সরকার? সম্প্রতি মশার উপদ্রব অনেক বেশি বেড়ে যাওয়ায় এই প্রশ্নটি ঘুরেফিরেই আসছে সাধারণ মানুষের মধ্যে। নতুন সরকার ক্ষমতা গ্রহণের পর কয়েকটি সিটি করপোরেশনে প্রশাসক নিয়োগ করলেও, মাঠ পর্যায়ে স্থানীয় সরকারের কার্যক্রম বেশিরভাগ ক্ষেত্রেই এখনও তেমন কার্যকর করতে পারেনি। ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক হিসেবে দায়িত্ব পাওয়া মো. শফিকুল ইসলাম খান বলছেন, সিটি করপোরেশনে সব কিছুতেই অব্যবস্থাপনা রয়েছে। "আমি দায়িত্ব নিয়েছি কয়েক দিন হলো। বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে মশা নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নিতে বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছি, আশা করছি মশা নিয়ন্ত্রণে আগামী সপ্তাহ থেকেই মাঠপর্যায়ে কাজ শুরু করবো আমরা,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। মশা নিধনে 'জিরো টলারেন্স'-এর কথা বলেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন বা ডিএসসিসি এর প্রশাসক মো. আব্দুস সালাম। তিনি জানান, মশক নিয়ন্ত্রণে বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে সমন্বিতভাবে কাজ করতে স্বাস্থ্য বিভাগকে নির্দেশনা দেওয়া হয়েছে। "মশা নিয়ন্ত্রণে ডিএসসিসির ১০টি অঞ্চলে পর্যায়ক্রমে ১০ দিনের বিশেষ 'ক্র্যাশ প্রোগ্রাম' শুরু করা হবে,„ বলেও জানান মি. সালাম। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৩.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রকে সামরিক ঘাঁটি ব্যবহার করার অনুমতি দেবে যুক্তরাজ্য

যুক্তরাজ্যের সামরিক ঘাঁটি থেকেই যুক্তরাষ্ট্রকে প্রতিরক্ষামূলক পদক্ষেপ নেওয়ার অনুমতি দেওয়া হবে বলে জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার। সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ এক ভিডিও বার্তায় এ কথা জানিয়েছেন তিনি। মি. স্টারমার বলেন, "উপসাগরীয় অঞ্চলে আমাদের অংশীদাররা নিজেদের রক্ষায় আমাদের কাছ থেকে আরও সহায়তা চেয়েছে, সমন্বিত প্রতিরক্ষামূলক অভিযানের অংশ হিসেবে আমাদের ব্রিটিশ যুদ্ধবিমান আকাশে রয়েছে, যেগুলো ইতোমধ্যেই সফলভাবে ইরানের হামলা প্রতিহত করছে।„ "কিন্তু হুমকি বন্ধ করার একমাত্র উপায় হলো ক্ষেপণাস্ত্রগুলোকে তাদের উৎসমুখেই ধ্বংস করা, অর্থাৎ তাদের সংরক্ষণাগারে বা যে-সব লঞ্চার থেকে ক্ষেপণাস্ত্রগুলো নিক্ষেপ করা হয় সেখানে„ বলেন, মি. স্টারমার। যুক্তরাষ্ট্র ব্রিটিশ ঘাঁটি ব্যবহারের অনুমতি চেয়েছে বলে জানান তিনি। "ইরান যাতে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে নিরীহ বেসামরিক মানুষকে হত্যা করতে না পারে, ব্রিটিশ নাগরিকদের জীবন ঝুঁকিতে না ফেলে এবং এমন দেশগুলোকে লক্ষ্যবস্তু না করে, যারা এই সংঘাতে জড়িত নয়, সে কারণেই আমরা এই অনুরোধ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছি,„ বলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## আমরা যুক্তরাষ্ট্রের সাথে সমঝোতা করবো না : লারিজানি

ইরান যুক্তরাষ্ট্রের সাথে কোনো নেগোসিয়েশন বা সমঝোতা করবে না বলে জানিয়েছেন সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সেক্রেটারি আলী লারিজানি। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ এক পোস্টে এই প্রতিক্রিয়া জানিয়েছেন তিনি। "ওমানের মধ্যস্থতার মাধ্যমে ওয়াশিংটনের সঙ্গে পুনরায় আলোচনা বসার„ বিষয়ে ওয়াল স্ট্রিট জার্নালের এক প্রতিবেদনের প্রতিক্রিয়ায় মি. লারিজানি ওই কথা লিখেছেন। "আমরা যুক্তরাষ্ট্রের সাথে কোনো আলোচনা করবো না„ এক্স-এ লিখেছেন মি. লারিজানি। এর আগে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্যা আটলান্টিককে জানিয়েছেন, তেহরান আলোচনায় ফেরার ইঙ্গিত দিয়েছে। ট্রাম্প বলেন, "তারা কথা বলতে চায় এবং আমি কথা বলার জন্য রাজি আছি। তাই আমি তাদের সাথে কথা বলবো। তাদের এটা আগেই করা উচিত ছিল।„

(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## সাইপ্রাসে যুক্তরাজ্যের সামরিক ঘাঁটিতে ড্রোন হামলার সমালোচনায় ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী

যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী ইভেট কুপার বলেছেন, ইরান উপসাগরীয় দেশগুলো এবং অন্য যে-সব দেশের ওপর হামলা করেছে, সেসব দেশ ইরানের ওপর হামলায় জড়িত ছিল না। তিনি সাইপ্রাসে আরএএফ আক্রোটিরিতে যুক্তরাজ্যের সামরিক ঘাঁটিতে ড্রোন হামলার বিষয়ে কথা বলেছেন বিবিসির সাথে। "এটি ইরানি শাসন ব্যবস্থার অযাচিত ও বেপরোয়া কর্মকাণ্ডের বহিঃপ্রকাশ„ বলেছেন তিনি। একইসাথে যুক্তরাজ্য ইরানে হামলায় জড়িত হয়নি বলেও উল্লেখ করেন তিনি। প্রসঙ্গত, যদিও ব্রিটিশ বিমানগুলো ইরানের ওপর হামলা করেনি, তবে প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার গত রাতে বলেছেন, যুক্তরাজ্য যুক্তরাষ্ট্রকে ব্রিটিশ ঘাঁটি ব্যবহার করে ইরানের ক্ষেপণাস্ত্রের স্থাপনাগুলোতে `প্রতিরক্ষামূলক, হামলা করার অনুমতি দেবে। মিজ কুপারকে প্রশ্ন করা হয়, আক্রোতিরি ঘাঁটিতে হামলা কোথা থেকে বা কারা করেছে? তিনি জানান, তার কাছে সম্পূর্ণ তথ্য নেই, তবে মন্ত্রণালয় যত তাড়াতাড়ি সম্ভব আরও বিস্তারিত তথ্য প্রকাশ করবে।

(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## ইরানে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৫৫ জনে

ইরানে গত শনিবার ইসরায়েলি হামলা শুরুর পর থেকে এখন পর্যন্ত ৫৫৫ জন নিহত হয়েছে বলে জানিয়েছে ইরানি রেড ক্রিসেন্ট। এর আগে, রোববার ২৪ ঘণ্টায় ইরানে ৫৭ জন নিহত হয়েছিল বলেও জানিয়েছিল রেড ক্রিসেন্ট। অন্যদিকে, ইরানের মিনাবে মেয়েদের একটি স্কুলে শনিবারের হামলার ঘটনায় নিহতের সংখ্যা দেড় শতাধিক ছাড়িয়েছে বলেও জানিয়েছে দেশটি।(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## হত্যার টার্গেট এখন হিজবুল্লাহর নাঈম কাশেম : ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী

ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কার্টজ সোমবার বলেছেন, হিজবুল্লাহ সেক্রেটারি জেনারেল নাঈম কাশেম এখন স্পষ্টভাবে তাদের হত্যার লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। তিনি আরও বলেন, "আমি এবং প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ইসরায়েলি সেনাবাহিনীকে হিজবুল্লাহর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছি।

(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## ভারতের সঙ্গে ইউরেনিয়াম সরবরাহের দীর্ঘমেয়াদি চুক্তি সই কানাডার

দীর্ঘমেয়াদে ভারতকে ইউরেনিয়াম সরবরাহের একটি চুক্তিতে সই করেছে কানাডা। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আর কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি দিল্লিতে এক বৈঠকের পরে যৌথ সংবাদ সম্মেলনে এই ঘোষণা দিয়েছেন। টরোন্টো থেকে বিবিসির সংবাদদাতা জেসিকা মার্ফি সোমবার সকালেই জানিয়েছিলেন যে, ভারত আর কানাডা দশ বছর মেয়াদি, প্রায় তিনশ কোটি মার্কিন ডলার মূল্যের এই ইউরেনিয়াম সরবরাহের চুক্তিটি সই করতে যাচ্ছে। দিল্লিতে দুই দেশের দুই শীর্ষ নেতার বৈঠকে এ বিষয়ে চুক্তিপত্র বিনিময় হয় সোমবার সকালে। তারপরেই মি. মোদী এবং মি.

কার্নি যৌথ সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ইউরেনিয়াম সরবরাহকারী দেশ কানাডা। দেশটি অবশ্য ২০১৩ সাল থেকেই ভারতকে ইউরেনিয়াম সরবরাহ করে যাচ্ছে। সাম্প্রতিক যে চুক্তিটি সই করা হয়েছে, সেই ইউরেনিয়াম সরবরাহ করবে বিশ্বের অন্যতম বৃহৎ ইউরেনিয়াম জ্বালানি প্রস্তুতকারক সংস্থা 'ক্যামেকো,। বিবিসি অনলাইনের ভারত সম্পাদক বিকাশ পান্ডে জানাচ্ছেন যে, রাশিয়া থেকে জ্বালানি তেল আমদানি বন্ধ করার জন্য মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চাপের মুখে পড়ে ভারতকে এখন ইউরেনিয়াম, তেল, গ্যাস আর কয়লার মতো জ্বালানির বিকল্প উৎসের খোঁজ করতে হচ্ছে। সেই সূত্রেই কানাডার প্রধানমন্ত্রীর এই ভারত সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। ইউরেনিয়াম ছাড়াও তেল আর গ্যাস আমদানির জন্যও ভারতের সঙ্গে কানাডার চুক্তি সই হচ্ছে এই সফরে। জ্বালানি ক্ষেত্র ছাড়াও প্রতিরক্ষা, শিক্ষাসহ একাধিক ক্ষেত্রে সহযোগিতা চুক্তি সই হয়েছে দুটি দেশের মধ্যে। দিল্লিতে যৌথ সংবাদ সম্মেলনে মি. কার্নি ঘোষণা করেছেন যে, এ বছরের মধ্যেই ভারত-কানাডা অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হওয়ার দিকে এগোচ্ছে দুটি দেশ। গত প্রায় ১৫ বছর ধরে দুটি দেশ মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা চালাচ্ছে। যৌথ সংবাদ সম্মেলনে নরেন্দ্র মোদী কানাডার সঙ্গে বিভিন্ন ক্ষেত্র সহযোগিতার কথা উল্লেখ করে বলেন যে, কারিগরি আর উদ্ভাবনের ব্যাপারে দুটি দেশ স্বাভাবিক সহযোগী।

(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## ইরানের পদক্ষেপকে বিপজ্জনক বলছে যুক্তরাষ্ট্র ও উপসাগরীয় মিত্র দেশগুলো

যুক্তরাষ্ট্র ও উপসাগরীয় অঞ্চলের ছয়টি মিত্র দেশের এক যৌথ বিবৃতিতে বলা হয়েছে, ওইসব অঞ্চলে ইরানের পদক্ষেপ খুবই বিপজ্জনক, যা মধ্যপ্রাচ্যের স্থিতিশীলতার জন্য হুমকি। কুয়েতের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রকাশিত ওই বিবৃতিতে বলা হয়, "বেসামরিক নাগরিক ও যে-সব দেশ যুদ্ধে নেই, তাদেরকেও লক্ষ্যবস্তুতে পরিণত করা হচ্ছে, যা দেশগুলোর স্থিতিশীলতার জন্য হুমকি কারণ। আরবি ভাষায় প্রকাশিত এই যৌথ বিবৃতিটি দিয়েছে কুয়েত, সৌদি আরব, বাহরাইন, কাতার, জর্ডান, সংযুক্ত আরব আমিরাত এবং যুক্তরাষ্ট্র। তারা বলেছে, এই অঞ্চলে ইরানের হামলা চলতে থাকলে, তাদেরও আত্মরক্ষার অধিকার রয়েছে। এই বিবৃতিতে জানানো হয়, বাহরাইন, ইরাক (ইরাকের কুর্দিস্তান অঞ্চলসহ), জর্ডান, কুয়েত, ওমান, কাতার, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতে হামলা সংঘটিত হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## ইরানের পারমাণবিক স্থাপনাগুলোয় ক্ষতিগ্রস্তের লক্ষণ নেই : জাতিসংঘ পারমাণবিক তদারকি সংস্থা

জাতিসংঘের পারমাণবিক তদারকি সংস্থার প্রধান রাফিয়াল গ্রোসি বলেছেন, সাম্প্রতিক মার্কিন ও ইসরায়েলি হামলায় ইরানের কোনো পারমাণবিক স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে, এমন কোনো কিছুর ইঙ্গিত তারা পাননি। তিনি জানান, বুশেহর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র, তেহরান গবেষণা রিঅ্যাক্টর বা অন্যান্য পারমাণবিক জ্বালানি ক্ষতিগ্রস্ত হয়েছে, এমন কোনো লক্ষণ নেই। সংস্থাটির গভর্নর বোর্ডে দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, আন্তর্জাতিক অ্যাটমিক অ্যানার্জি এজেন্সি বা আইএইএ ইরানের পারমাণবিক নিয়ন্ত্রক কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছিল, তবে তাদের কোনো সাড়া পাওয়া যায়নি। আইএইএ-তে ইরানের রাষ্ট্রদূত রেজা নাজাফি বিবিসিকে জানিয়েছেন, রোববার নাতাঞ্জ পারমাণবিক স্থাপনায় হামলা হয়েছে। তবে এ বিষয়ে তিনি আর কোনো বিস্তারিত তথ্য দেননি।

(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## ইসরায়েল-যুক্তরাষ্ট্রের হামলায় নিহত হয়েছেন খামেনির স্ত্রীও : ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম

ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলায় ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হওয়ার পরদিন তার স্ত্রীও নিহত হয়েছেন। সোমবার ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের খবরে এই তথ্য জানানো হয়েছে। এর আগে, শনিবারে ইসরায়েল-মার্কিন যৌথ হামলায় নিহত হন আয়াতুল্লাহ আলী খামেনি। ওই হামলায় খামেনির মেয়ে, নাতি ও জামাই নিহত হওয়ার খবর দেয় ইরানের সংবাদ মাধ্যমগুলো। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছিলেন, "ইতিহাসের অন্যতম খারাপ মানুষ খামেনি মারা গেছেন।„ এদিকে, রাশিয়া ও চীন আয়াতুল্লাহ আলী খামেনিকে হত্যার ঘটনার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছিল।

(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

## নিজ দেশের নাগরিকদের দ্রুত লেবানন ছাড়ার আহ্বান যুক্তরাষ্ট্রের

যুক্তরাষ্ট্র লেবাননে অবস্থানরত তাদের দেশের নাগরিকদের দ্রুত দেশটি ছেড়ে যাওয়ার আহ্বান জানিয়েছে। বৈরুতে অবস্থিত মার্কিন দূতাবাস তাদের এক্স পোস্টে লিখেছে, "আমরা মার্কিন নাগরিকদের লেবাননে ভ্রমণ না করার আহ্বান জানাচ্ছি। কেউ যদি বর্তমানে দেশটিতে অবস্থান করে থাকেন, তাহলে ফ্লাইট চালু থাকা অবস্থায় এখনই লেবানন ত্যাগ করুন।„ তারা আরও বলেছে, "লেবাননের নিরাপত্তা দ্রুতই অনিশ্চিত হয়ে উঠতে পারে। দেশজুড়ে, বিশেষ করে দক্ষিণাঞ্চল, বেকা উপত্যকা এবং বৈরুতের কিছু অংশে বিমান হামলা শুরু হয়েছে। লেবাননের রাজধানী বৈরুত থেকে

বিবিসির সংবাদদাতারা জানিয়েছেন, ইরান-সমর্থিত সংগঠন হিজবুল্লাহর শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত দাহিয়েহ এলাকায় একটি বড়ো বিস্ফোরণের শব্দ শোনা গেছে।(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ রনি)

**কাতারের জ্বালানি উৎপাদন বন্ধের পর ইউরোপে গ্যাসের দাম বেড়েছে ৩০ শতাংশেরও বেশি**

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানে হামলার পর, পাল্টা জবাব দিচ্ছে ইরান। গত কয়েকদিনে দফায় দফায় হামলা চালানো হয়েছে মধ্যপ্রাচ্যের দেশ কাতার, কুয়েত, বাহরাইন, সৌদি আরবে। এমন অবস্থার মধ্যে কাতারের জ্বালানি উৎপাদন বন্ধ হয়ে গেছে। এর ফলে ইউরোপে গ্যাসের দাম ৩০ শতাংশেরও বেশি বেড়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ এলিনা)

**ইরানের ওপর যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলায় যোগ দেবে না যুক্তরাজ্য : ব্রিটিশ প্রধানমন্ত্রী**

ইরানের ওপর যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলায় যুক্তরাজ্য যোগ দেবে না বলে জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার। প্রধানমন্ত্রী স্টারমার বলেন, ইরানের ক্ষেপণাস্ত্রগুলো যে-সব জায়গায় সংরক্ষিত রয়েছে বা উৎক্ষেপণের জন্য প্রস্তুত রাখা হয়েছে, শুধুমাত্র সেগুলোকে উৎসমূলেই থামানোর জন্যই যুক্তরাষ্ট্র ব্রিটিশ সামরিক ঘাঁটি ব্যবহারের অনুমতি চেয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ”ইরান যেন অঞ্চলজুড়ে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে বেসামরিক মানুষকে হত্যা করতে না পারে, সে লক্ষ্যেই তিনি এই যুক্তরাষ্ট্র-ইসরায়েলের অনুরোধে সম্মতি দিয়েছেন। তবে তিনি জোর দিয়ে বলেছেন, ”যুক্তরাজ্য `যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের, সাথে হামলায় অংশ নেবে না। তিনি আরও জানান, ইরানের ক্ষেপণাস্ত্র নিক্ষেপ সক্ষমতা রোধ করতেই যুক্তরাষ্ট্রকে ঘাঁটি ব্যবহারের অনুমতি দিতে ফ্রান্স- জার্মানিও প্রস্তুত রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

**ইরানের উপর হামলা জোরালো হচ্ছে, লড়াই কয়েক সপ্তাহ স্থায়ী হতে পারে জানিয়েছেন ট্রাম্প**

ইরানের শীর্ষ নেতাকে হত্যার পর দেশটিতে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল তাদের আক্রমণের তীব্রতা বৃদ্ধি করেছে। ইরান পাল্টা প্রতিশোধ নেওয়ার ঘোষণা দেওয়ার পর থেকে এই সংঘাত আরও ঘনীভূত হচ্ছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গণমাধ্যমকে জানিয়েছেন যে, এই লড়াই আরও চার সপ্তাহ চলতে পারে। তিনি বলেন, ”বর্তমানে পুরোদমে সামরিক অভিযান অব্যাহত রয়েছে এবং আমাদের লক্ষ্যসমূহ অর্জিত না হওয়া পর্যন্ত তা চলবে। আমাদের লক্ষ্যগুলি অত্যন্ত সুদৃঢ়।„ সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করা এক ভিডিও বার্তায় ডোনাল্ড ট্রাম্প তিন মার্কিন সেনার নিহতের বিষয়টি উল্লেখ করেছেন। তিনি আরও জানিয়েছেন, হতাহতের এই সংখ্যা আরও বাড়ার আশঙ্কা রয়েছে। ট্রাম্পের দাবি অনুযায়ী, ইরানের নয়টি নৌযান ধ্বংস করেছে যুক্তরাষ্ট্র। ইরানের ইসলামিক রেভলিউশনারী গার্ড কর্পসকে অস্ত্র সমর্পণের আহ্বান জানানো হয়েছিল, আত্মসমর্পণ করলে তারা পূর্ণ নিরাপত্তা পাবে, অন্যথায় তাদের নিশ্চিত মৃত্যুর মুখোমুখি হতে হবে। তিনি দেশটির অন্যান্য নাগরিকদের প্রতিও আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ”আমি সেইসব ইরানি দেশপ্রেমিকদের আহ্বান জানাচ্ছি, যারা স্বাধীনতার স্বপ্ন দেখেন, আপনারা এই মুহূর্তটিকে কাজে লাগান। সাহস ও বীরত্বের সাথে আপনাদের দেশ পুনরুদ্ধার করুন। আমেরিকা আপনাদের পাশে রয়েছে।„ ট্রাম্প বেশ কয়েকটি সংবাদমাধ্যমকে জানিয়েছেন যে, ইরানের বিরুদ্ধে এই অভিযান মূল পরিকল্পনার চেয়েও অনেক বেশি স্বাচ্ছন্দ্যে এগোচ্ছে। ফক্স নিউজের একজন সাংবাদিক জানিয়েছেন, ট্রাম্প বলেছেন, ”আমরা যে সাফল্য পাচ্ছি, তা কেউ বিশ্বাস করতে পারবে না, এক আঘাতেই ৪৮ জন নেতা খতম হয়েছে।„ ট্রাম্প দি আটলান্টিক ম্যাগাজিনকেও জানিয়েছেন, ইরানের নতুন নেতৃত্ব তার সাথে আলোচনায় বসতে আগ্রহী এবং তিনি এই আলোচনার প্রস্তাবে সম্মতি দিয়েছেন।(এনএইচকে ওয়েবপেইজ: ০২.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

**প্রেসক্লাবে ঢুকে সাংবাদিককে পেটানোর অভিযোগ, যুবদল নেতাসহ আটক দুই**

সংবাদ প্রকাশের জেরে সাতক্ষীরার শ্যামনগর উপজেলা প্রেসক্লাবে ঢুকে সাংবাদিকের ওপর হামলার অভিযোগ উঠেছে যুবদলের স্থানীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে। আজ সোমবার বেলা ১টার দিকে উপজেলা পরিষদসংলগ্ন প্রেসক্লাব ভবনে এ ঘটনা ঘটে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানায়। হামলায় জড়িত থাকার অভিযোগে যুবদলের এক নেতাসহ দু-জনকে আটক করেছে পুলিশ। হামলার শিকার সাংবাদিক সামিউল মনির দৈনিক সমকাল পত্রিকার শ্যামনগর উপজেলা প্রতিনিধি এবং স্থানীয় একটি কলেজের সহকারী অধ্যাপক। আটক দু-জন হলেন, শ্যামনগর উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক বাবলু রহমান ও বিএনপির সমর্থক আবদুর রহিম। একাধিক প্রত্যক্ষদর্শী ও সাংবাদিকেরা জানান, উপজেলা যুবদলের সদস্যসচিব আনোয়ারুল ইসলামসহ ২৫-৩০ জন নেতা-কর্মী প্রেসক্লাব ভবনে ঢুকে সামিউল মনিরের ওপর অতর্কিত হামলা চালায়। মারধর করতে করতে সামিউল মনিরকে ভবনের বাইরে নেওয়া হয়। সেখানে ইট, হাতুড়ি ও লোহার রড দিয়ে এলোপাতাড়ি আঘাত করা হয় তাকে। খবর পেয়ে শ্যামনগর থানা-পুলিশের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে সামিউলকে উদ্ধার করে শ্যামনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

হাসপাতালটির জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক শাকির হোসেন জানান, সামিউলের মাথার বাঁ পাশে শক্ত বস্তু দিয়ে গুরুতর আঘাত করা হয়েছে। শরীরের বিভিন্ন স্থানে হাতুড়ি ও লোহার রডের আঘাতের চিহ্ন আছে। তাকে প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হচ্ছে। শ্যামনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা খালেদুর রহমান বলেন, তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গে পুলিশ পাঠানো হয়। এ ঘটনায় দু-জনকে আটক করা হয়েছে। অন্যদের আটকের চেষ্টা চলছে। স্থানীয় সাংবাদিকেরা জানান, গত ২৩ ফেব্রুয়ারি 'যুবলীগ-যুবদল-যুব বিভাগ মিলে খোলপেটুয়া-কপোতাক্ষ নদের বালু লুট, শিরোনামে একটি প্রতিবেদন দৈনিক সমকালে প্রকাশিত হয়। প্রতিবেদনটি প্রকাশের পর থেকে সামিউল মনির বিভিন্নভাবে হুমকি পাচ্ছিলেন। ঘটনাস্থলে উপস্থিত থাকার কথা স্বীকার করে উপজেলা যুবদলের সদস্যসচিব আনোয়ারুল ইসলাম দাবি করেন, গতকাল এক ব্যবসায়ীকে মারধরের ঘটনার জেরে আজ প্রেসক্লাবের সামনে মানববন্ধন চলছিল। এ সময় সামিউল মনির তাদের উদ্দেশ্যে অকথ্য ভাষায় গালিগালাজ করেন। এতে উত্তেজিত জনতা তার ওপর হামলা চালায়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ রুবাইয়া)

## সীতাকুণ্ডে গলায় ছুরিকাঘাতে আহত শিশু উদ্ধার

চট্টগ্রামের সীতাকুণ্ড পৌর সদরের বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কের ভেতরে, ভূমি থেকে প্রায় এক হাজার ফুট ওপরে দুর্গম পাহাড়ি এলাকা থেকে গলায় ছুরিকাঘাতে আহত এক কন্যাশিশুকে উদ্ধার করা হয়েছে। আজ রোববার সকাল ১০টার দিকে ইকোপার্কের ভেতরের চন্দ্রনাথ মন্দির সড়ক সংস্কারের কাজে নিয়োজিত শ্রমিকেরা শিশুটিকে উদ্ধার করেন বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানায়। শিশুটিকে প্রথমে সীতাকুণ্ড উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে খবর পেয়ে সীতাকুণ্ড থানা-পুলিশের একটি দল হাসপাতাল এলাকায় গিয়ে শিশুটিকে উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায়। শিশুটির অবস্থার উন্নতি হয়েছে বলে জানিয়েছে পুলিশ। পুলিশের ধারণা, শিশুটিকে গলা কেটে হত্যার চেষ্টা করা হয়েছিল। তবে কে বা কারা এ ঘটনা ঘটাতে চেয়েছিল, তা তাৎক্ষণিক জানাতে পারেনি পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, আজ সকাল ১০টার দিকে বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কের ভেতরে থাকা সহস্রধারা ঝরনা থেকে অন্তত ৫০০ মিটার উত্তরে পাহাড়ি পথের ধারে শিশুটি গলাকাটা অবস্থায় পড়ে ছিল। এ সময় তার গলা থেকে রক্ত ঝরছিল। সড়কটির সংস্কারের কাজে থাকা শ্রমিকেরা শিশুটিকে উদ্ধার করে নিজেদের পরনের কাপড় দিয়ে গলা প্যাঁচিয়ে রক্ত বন্ধ করার চেষ্টা করেন। পরে তারা শিশুটিকে দ্রুত স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সীতাকুণ্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মহিনুল ইসলাম প্রথম আলোকে বলেন, শিশুটির বাড়ি কুমিরা। সে কীভাবে এত সকালে ইকোপার্কের ভেতরে পাহাড়ের এত ওপরে গেল, তা জানার চেষ্টা চলছে। শিশুটির অবস্থার উন্নতি হয়েছে। দুপুরে কথা বলার অবস্থা ছিল না। তবে সে এখন কথা বলতে পারছে। মেয়েটি তার নাম আর ঠিকানাও বলেছে। আরেকটু সুস্থ হলে তাকে জিজ্ঞাসাবাদ করে বিস্তারিত জানা যাবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## প্রধানমন্ত্রী প্রাতিষ্ঠানিকভাবে চলতে চান, কেউ যেন সুবিধা নিতে না পারে

প্রধানমন্ত্রী প্রাতিষ্ঠানিকভাবে চলতে চান এবং আমাদের (দলীয়) লোকও যেন বেনিফিট নিতে না পারে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। সোমবার (২ মার্চ) সচিবালয়ের গণমাধ্যম কেন্দ্রে সচিবালয় কাভার করা সাংবাদিকদের সংগঠন বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ মতবিনিময়, অনুষ্ঠানে এ কথা বলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। মন্ত্রী বলেন, প্রত্যেকটি গণমাধ্যম সচিবালয়ের জন্য যদি নির্দিষ্ট প্রতিনিধি পাঠায়, প্রত্যেকটি গণমাধ্যম যদি তার দায়িত্ব পালন করতে পাঠায় এবং যদি সচিবালয়ে প্রবেশাধিকারটা যদি গণমাধ্যমের মিডিয়া হাউসের মাধ্যমে ঠিকঠাক করা হয়, তাহলে একদিকে চাপও কমলো আর অন্যদিকে আপনাদের পেশাগত দায়িত্ব পালন করা সহজ হলো। এর বাইরে যারা অন্যান্যভাবে প্রয়োজন পড়ে, তারা অন্য সময় বা অন্য কাজে আসলেন। কিন্তু গণমাধ্যমের কাজ করার জন্য যাতে তার নিজের মিডিয়া হাউস থেকেই তিনি যেন এই এখতিয়ারটা পান। আমাদেরও তখন হিসাব করতে সুবিধা হবে যে, সচিবালয়ে প্রবেশ করার জন্য আজকে কোন মিডিয়া হাউস কয়জনকে পাঠিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## সৌদিতে অবস্থানরত বাংলাদেশিদের জন্য দূতাবাসের জরুরি বিজ্ঞপ্তি

সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের জন্য জরুরি বিজ্ঞপ্তি জারি করেছে দেশটিতে থাকা বাংলাদেশের দূতাবাস। সোমবার (২ মার্চ) জারি করা বিজ্ঞপ্তিতে বাংলাদেশিদের প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন এবং সৌদি কর্তৃপক্ষ থেকে জারি করা নির্দেশনা কঠোরভাবে অনুসরণের অনুরোধ করা হয়। বিজ্ঞপ্তিতে বাংলাদেশিদের শান্ত থাকার এবং গুজব এড়িয়ে চলার পরামর্শ দিয়ে বলা হয়, সৌদি আরবের স্থানীয় আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে এ সংক্রান্ত কোনো ছবি বা ভিডিও আপলোড, কোনো সংবাদ প্রচার, শেয়ার, লাইক বা কমেন্ট করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। আকাশপথে ভ্রমণের ক্ষেত্রে বিমানবন্দরে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট বিমান

সংস্থা কিংবা ট্রাভেল এজেন্টের সঙ্গে যোগাযোগ করে ফ্লাইটের সময়সূচি ও অবস্থা সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়েছে বিজ্ঞপ্তিতে। যে-কোনো জরুরি সেবার জন্য দূতাবাসের হটলাইন নম্বর- ৮০০১০০০১২৪ (কূটনৈতিক উইং), ৮০০১০০০১২৫ (শ্রম কল্যাণ উইং) ও ৮০০১০০০১২৬ (পাসপোর্ট ও কনসুলার সেবা)-এ যোগাযোগ করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## ক্ষেপণাস্ত্রের ভিডিও না করতে কুয়েত প্রবাসীদের অনুরোধ দূতাবাসের

কুয়েতে বাংলাদেশের দূতাবাস আজ সোমবার (২ মার্চ) একটি জরুরি নির্দেশনা জারি করেছে। যেখানে ক্ষেপণাস্ত্রের ভিডিও করার ক্ষেত্রে কিছু কঠোর সতর্কবার্তা দিয়েছে দূতাবাস। সতর্কবার্তায় বলা হয়, আকাশে ক্ষেপণাস্ত্র প্রতিহত করার দৃশ্য, ছবি বা ভিডিও করবেন না এবং সামাজিক মাধ্যমে শেয়ার বা লাইভ করবেন না। লঙ্ঘন করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্কবার্তায় বলা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## বাংলাদেশে আটকে পড়া প্রবাসীদের ভিসা জটিলতা নিরসনে ‘বিশেষ সেল,

মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ পরিস্থিতিতে বাংলাদেশে আটকে পড়া প্রবাসীদের ভিসা জটিলতা নিরসনে ‘বিশেষ সেল, গঠন করেছে সরকার। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এ কথা জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। এদিন মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বিমান ও প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের অংশগ্রহণে একটি আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে প্রবাসীকল্যাণ মন্ত্রী বলেন, বর্তমান পরিস্থিতিতে অনেক প্রবাসী বাংলাদেশি দেশে এসে আটকে পড়েছেন, অথচ তাদের ভিসার মেয়াদ শেষ হওয়ার পথে। এ সমস্যা সমাধানে একটি বিশেষ সেল খোলা হয়েছে। তিনি বলেন, আমরা দূতাবাসগুলোর সঙ্গে যোগাযোগ করে তাদের ভিসা সমস্যার সমাধানের চেষ্টা করবো। আশা করি, বিষয়টি দ্রুত সমাধান করা সম্ভব হবে। আরিফুল হক চৌধুরী জানান, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে হামলার ঘটনায় এখন পর্যন্ত দু-জন বাংলাদেশি নিহত এবং সাতজন আহত হয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ আসাদ)

## বাংলাদেশের বিবৃতি ঘিরে সমালোচনা, সরকার বলছে ‘ব্যালেন্সিং কূটনীতি

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনিসহ শীর্ষ পর্যায়ের কয়েকজন কর্মকর্তা নিহত হয়েছেন। এ ঘটনায় বিশ্বজুড়ে চলছে নিন্দা ও শোক প্রকাশ। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় পর পর দু-দিন দুটি বিবৃতি দিয়েছে, যা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে চলছে তীব্র আলোচনা-সমালোচনা। রোববার সরকারের দেওয়া প্রথম বিবৃতিতে ইরানে হামলার কোনো নিন্দা না জানানো এবং যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের নাম উল্লেখ না করে কেবল ইরানের পাল্টা হামলার সমালোচনা করায়, দেশের পররাষ্ট্রনীতির অবস্থান নিয়ে প্রশ্ন তোলেন বিশ্লেষক ও নেটিজেনদের একাংশ। সমালোচনার মুখে সোমবার তিন লাইনের আরেকটি সংক্ষিপ্ত বিবৃতি দিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এতে লক্ষ্যভিত্তিক হামলায় নিহত ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে দুঃখ প্রকাশ করা হয়। তবে নতুন বিবৃতিতেও হামলাকারী দেশগুলোর নাম উল্লেখ করা হয়নি। বিশ্লেষকরা বলছেন, সমালোচনার পর সরকার শোক প্রকাশ করায় ইতিবাচক বার্তা গেলেও, হামলাকারী দেশের নাম এড়িয়ে যাওয়ায় নীতি ও ন্যায়নীতির প্রশ্ন থেকেই যাচ্ছে। সাবেক কূটনীতিক মুন্সি ফয়েজ জাগো নিউজকে বলেন, ”সরকার রোববার যে বিবৃতি দিয়েছে, তা নিয়ে আলোচনা-সমালোচনা হওয়াটাই স্বাভাবিক। কারণ, এর আগেও এ ধরনের ঘটনা ঘটেছে, কিন্তু সব সময় বাংলাদেশ মোটামুটি একটি নীতি অনুসরণ করে এসেছে। বাংলাদেশ নৈতিকতার পক্ষে ও ন্যায়নীতির পক্ষে অবস্থান নিয়েছে।„ তিনি বলেন, ”কিন্তু এবার আমরা যা দেখলাম, তা ভিন্ন। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের ওপর ব্যাপক আক্রমণ চালিয়েছে। প্রথম সারির নেতাদের হত্যা করেছে। বিভিন্ন স্থাপনা ধ্বংস করেছে। এমনকি স্কুলে বহু শিক্ষার্থী নিহত হয়েছে। এসব ঘটনার কোনো উল্লেখই সরকারি বিবৃতিতে নেই।„ মুন্সি ফয়েজ বলেন, ”ইরান তার আত্মরক্ষার স্বার্থে পাল্টা জবাব দিয়েছে। আন্তর্জাতিক আইনের দৃষ্টিতে ইরানের পাল্টা হামলাকে পুরোপুরি পরিপন্থি বলা কঠিন। বরং প্রাথমিক হামলাই আন্তর্জাতিক আইনের পরিপন্থি ছিল।„ তিনি দুঃখ প্রকাশ করে বলেন, ”এসব হামলার নিন্দা না করে আমরা তখন নিন্দা জানাই, যখন আক্রান্ত দেশ পাল্টা প্রতিরোধ করে। সরকারের দেওয়া বিবৃতিটি আমার কাছে অত্যন্ত হতাশাজনক মনে হয়েছে।„(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ আসাদ)

## মধ্যপ্রাচ্যে হামলায় ২ বাংলাদেশি নিহত, আহত ৭

মধ্যপ্রাচ্যের বিভিন্ন এলাকায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার ঘটনায় দুই বাংলাদেশি নাগরিক নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অন্তত সাতজন। সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছে। বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশ সরকার পরিস্থিতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করছে এবং প্রবাসীদের নিরাপত্তা নিশ্চিত করতে সব প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। নিহত বাংলাদেশিদের মধ্যে সংযুক্ত আরব আমিরাতের আজমানে মারা যাওয়া সিলেটের বড়লেখার বাসিন্দা সালেহ আহমেদ রয়েছেন। তিনি নাগরিক স্থাপনায় আকাশ থেকে নেমে আসা ধ্বংসাবশেষে আঘাতপ্রাপ্ত হয়ে প্রাণ হারিয়েছেন। এছাড়া, বাহরাইনে আরও একজন বাংলাদেশি নিহত হয়েছেন। একই ঘটনায়

আহত হয়েছেন তিনজন। বাংলাদেশ দূতাবাস সংযুক্ত আরব আমিরাত ও মানামায় স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখছে। বাণিজ্যিক ফ্লাইট পুনরায় চালু হলে তাদের মরদেহ দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ আসাদ)

## প্রবাসী বাংলাদেশিদের নিরাপত্তার আশ্বাস দিয়েছে কাতার-কুয়েত-বাহরাইন

মধ্যপ্রাচ্যের চলমান উদ্ভূত পরিস্থিতির মধ্যে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে কুয়েত ও বাহরাইনের পররাষ্ট্রমন্ত্রী ও কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী টেলিফোন করেছেন। সোমবার (২ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এ তথ্য জানান খলিলুর রহমান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, "মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতিতে আমাকে কুয়েত ও বাহরাইনের পররাষ্ট্রমন্ত্রী ও কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী টেলিফোন করেছেন। তাদের সঙ্গে আমার প্রবাসী বাংলাদেশিদের নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে আলোচনা হয়েছে। তারা আমাদের প্রবাসীদের নিরাপত্তার আশ্বাস দিয়েছেন।„
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## সংস্কার পরিষদের শপথ নিজস্ব, সেই হিসেবে তারা সংসদে অংশ নিতে পারে না

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সংবিধান সংস্কার পরিষদ নামে কিছু না থাকায়, যারা তাদের সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন, সেটা নিজস্ব ব্যাপার। কিন্তু জাতীয় সংসদে সেই হিসেবে তারা অংশগ্রহণ করতে পারে না। শুধুমাত্র সংসদ সদস্যরা অংশগ্রহণ করতে পারেন। সোমবার (২ মার্চ) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সংবিধান সংস্কার পরিষদ নিয়ে এখনও নানা ধরনের আলোচনা চলছে। এনসিপি ও জামায়াতের পক্ষ থেকে এক ধরনের দাবি উঠছে। এই বিষয় নিয়ে সরকারের ভাবনা সম্পর্কে জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আগামী ১২ মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশন। সেখানে আমরা যারা সংসদ সদস্য শপথ গ্রহণ করেছি, তারা সংসদ সদস্য হিসেবে যোগদান করবো। এর বাইরে সংবিধান সংস্কার পরিষদ নামে কিছু না থাকায়, যারা তাদের সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন, সেটা তাদের নিজস্ব ব্যাপার। কিন্তু জাতীয় সংসদে সেই হিসেবে তারা অংশগ্রহণ করতে পারে না। শুধুমাত্র সংসদ সদস্যরা অংশগ্রহণ করতে পারেন।„(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## মধ্যপ্রাচ্যের প্রবাসী বাংলাদেশিদের নিরাপত্তা `নাম্বার ওয়ান প্রায়োরিটি,: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে বিদেশগামী ও সেসব দেশে অবস্থানরত প্রবাসী বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করাকে সরকারের `নাম্বার ওয়ান প্রায়োরিটি, বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। একইসঙ্গে বাংলাদেশে আটকে পড়া যাত্রীদের সহায়তা, ভিসা-সংক্রান্ত জটিলতা সমাধান এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের সার্বিক নিরাপত্তা পর্যবেক্ষণে আন্তঃমন্ত্রণালয় সমন্বিতভাবে কাজ চলছে বলেও জানান তিনি। সোমবার (২ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের পরিপ্রেক্ষিতে আমাদের যে-সব নাগরিক বিভিন্ন দেশে যেতে পারেননি কিংবা পথে আটকা পড়েছেন, তাদের সুযোগ-সুবিধা নিশ্চিত করা এবং উপসাগরীয় দেশগুলোতে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা ও সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য আন্তঃমন্ত্রণালয় বৈঠক ডাকা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## সংসদের হুইপ হলেন যে ৬ এমপি

জাতীয় সংসদের চিফ হুইপ ও হুইপ নিয়োগ দেওয়া হয়েছে। চিফ হুইপ করা হয়েছে বিএনপি দলীয় সংসদ সদস্য নুরুল ইসলাম মনিকে। তিনি বরগুনা-২ আসন থেকে একাধিকবার সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। অন্যদিকে, হুইপ করা হয়েছে ছয়জন সংসদ সদস্যকে। হুইপ হিসেবে নিয়োগ পাওয়া এমপিরা হলেন- হবিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য জি কে গউস, নাটোর-২ আসনের অ্যাডভোকেট রুহুল কুদ্দুস তালুকদার দুলু, লক্ষ্মীপুর-৪ আসনের এমপি এবিএম আশরাফ উদ্দিন নিজান, দিনাজপুর-৪ আসনের মো. আখতারুজ্জামান মিয়া, শরিয়তপুর-৩ আসনের মিয়া নুরুদ্দিন আহম্মেদ অপু ও খুলনা-৩ আসনের সংসদ সদস্য রকিবুল ইসলাম। সোমবার (২ মার্চ) জাতীয় সংসদ সচিবালয়ের মানবসম্পদ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## ঈদযাত্রায় ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু মঙ্গলবার

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে অগ্রিম টিকিট বিক্রির পরিকল্পনা নিয়েছে বাংলাদেশ রেলওয়ে। মঙ্গলবার (৩ মার্চ) থেকে এ বিক্রি শুরু হবে। এদিন ১৩ মার্চের টিকিট পাওয়া যাবে। এছাড়া রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী, ১৪ মার্চের টিকিট ৪ মার্চ, ১৫ মার্চের টিকিট ৫ মার্চ, ১৬ মার্চের টিকিট ৬ মার্চ, ১৭ মার্চের টিকিট ৭ মার্চ, ১৮ মার্চের টিকিট ৮ মার্চ ও ১৯ মার্চের টিকিট ৯ মার্চ ছাড়া যাবে। ঈদযাত্রার অগ্রিম টিকিট শতভাগ অনলাইনে বিক্রি হবে। যাত্রীদের টিকিট কেনা সহজলভ্য করার জন্য, পশ্চিমাঞ্চলে চলাচলরত সব আন্তঃনগর ট্রেনের টিকিট সকাল ৮টা থেকে এবং পূর্বাঞ্চলে

চলাচলরত সব আন্তঃনগর ট্রেনের টিকিট দুপুর ২টা থেকে বিক্রির সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে। দেশের আকাশে হিজরি শাবান মাসের চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২০ কিংবা ২১ মার্চ অনুষ্ঠিত হতে পারে মুসলমানদের অন্যতম ধর্মীয় উৎসব ঈদুল ফিতর। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## সিরাজগঞ্জে সরকারি পুকুর দখল নিয়ে সংঘর্ষ, নিহত ২

সিরাজগঞ্জের রায়গঞ্জে একটি সরকারি পুকুর দখলকে কেন্দ্র করে দু-পক্ষের সংঘর্ষে ২ জন নিহত হয়েছেন। এ ঘটনায় অন্তত ১১ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে। সোমবার (২ মার্চ) সকাল সাড়ে ৭টার দিকে উপজেলার ধামাইনগর ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে এই সংঘর্ষের ঘটনা ঘটে। নিহতরা হলেন- ওই গ্রামের মৃত শমসের আলীর ছেলে ইসমাইল (৭০) ও মৃত ময়দান আলীর ছেলে আব্দুস সালাম (৬০)। পুলিশ ও স্থানীয়রা জানায়, ওই গ্রামের ৫ বিঘা সরকারি পুকুর নিয়ে দীর্ঘ ১৫ বছর ধরে আওয়ামী লীগ সমর্থিত আছমত আলীর সঙ্গে বিএনপির সমর্থক আবু বক্কর সিদ্দিকের বিরোধ চলে আসছিল। পতিত সরকারের আমলে আছমত আলী মসজিদের নামে লিজ নিয়ে মাছ চাষ করে আসছিল। তবে গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার পতনের পর, আবু বক্কর সিদ্দিক তিন বছরের জন্য পুকুরটি লিজ নিয়ে মাছ চাষ করে আসছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## মার্চে ১২ কেজির এলপিজি সিলিন্ডারের দাম বাড়ায়নি সরকার

ভোক্তাপর্যায়ে সরকারি ও বেসরকারি তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) নতুন দাম ঘোষণা করা হয়েছে। যেখানে ১২ কেজির এলপিজি সিলিন্ডারের দাম অপরিবর্তিত রাখা হয়েছে। সোমবার (২ মার্চ) এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। ফেব্রুয়ারির মতো মার্চেও ১২ কেজির এলপিজি সিলিন্ডারের দাম ১ হাজার ৩৪১ টাকা রেখেছে সরকার। মাসভিত্তিক দাম নির্ধারণের অংশ হিসেবে গত ২ ফেব্রুয়ারি ১২ কেজি সিলিন্ডারের দাম নির্ধারণ করা হয়েছিল ১ হাজার ৩৫৬ টাকা। ভ্যাট কমানোর পর, গত ২৩ ফেব্রুয়ারি সেটি কমিয়ে ১ হাজার ৩৪১ টাকা দাম নির্ধারণ করে বিইআরসি। তার আগের মাস জানুয়ারিতে ১২ কেজি সিলিন্ডারের দাম ছিল ১ হাজার ৩০৬ টাকা। ফেব্রুয়ারিতে ১২ কেজিতে দাম বাড়ে ৫০ টাকা। অর্থাৎ ফেব্রুয়ারিতে ৫০ টাকা দাম বাড়ানোর পর ১৫ টাকা কমানো হয়েছিল। তবে মার্চে দাম অপরিবর্তিত রাখল বিইআরসি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## রাজধানীতে অভিযানের সময় মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা গুলিবিদ্ধ

রাজধানীর সায়েদাবাদ বাস টার্মিনাল সংলগ্ন এলাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানের সময় মো. সিদ্দিকুর রহমান (৩৮) নামের এক কর্মকর্তা গুলিবিদ্ধ হয়েছেন। সোমবার (২ মার্চ) দুপুর ১২টা দিকে এ ঘটনা ঘটে। পরে দুপুর ১টার দিকে গুলিবিদ্ধ অবস্থায় তাকে উদ্ধার করে ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে আনা হয়। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক বিষয়টি নিশ্চিত করে জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের খিলগাঁও অঞ্চলের একটি টিম সায়েদাবাদ বাস টার্মিনাল সংলগ্ন এলাকায় মাদক উদ্ধারে অভিযান চালায়। এ সময় মাদক কারবারিদের গুলিতে ইন্সপেক্টর সিদ্দিকুর রহমান আহত হন। তার বাম পায়ে গুলি লেগেছে। পরে তাকে ঢামেকের জরুরি বিভাগে আনা হয়। বর্তমানে তিনি জরুরি বিভাগেই চিকিৎসাধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## জাতীয় পতাকা জাতির পরিচয়, ঐক্য ও জাগরণের প্রতীক : ঢাবি উপাচার্য

জাতীয় পতাকা কোনো সাধারণ কাপড় নয়, এটি একটি জাতির পরিচয়, ঐক্য ও জাগরণের প্রতীক বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সোমবার (২ মার্চ) বিশ্ববিদ্যালয়ের কলা ভবন সংলগ্ন বটতলা প্রাঙ্গণে ঐতিহাসিক `পতাকা উত্তোলন দিবস, উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এর আগে, উপাচার্য জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্‌বোধন করেন। ড. নিয়াজ আহমদ খান জাতির ইতিহাসের ধারাবাহিকতা ও মাইলফলকের গুরুত্ব তুলে ধরে বলেন, ইতিহাসের এই মাইলফলকগুলোই একটি জাতির পরিচয় নির্ধারণ করে এবং আমাদের ঐক্য, চেতনা ও দায়িত্ববোধকে শানিত করে। তিনি জাতির গৌরবময় অভিযাত্রায় অবদান রাখা সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, জাতি হিসেবে তাদের অবদান আমরা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি এবং তাদের কাছে আমাদের ঋণ স্বীকার করি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## রাষ্ট্রদ্রোহ মামলায় দ্রুত বিচার নির্দেশ, বদলি হলো আদালত

`জয় বাংলা ব্রিগেড,-এর একটি ভার্চুয়াল সভায় অংশ নিয়ে, অন্তর্বর্তীকালীন সরকারকে উৎখাতের আহ্বান ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে প্ররোচনার অভিযোগে করা রাষ্ট্রদ্রোহ মামলার দ্রুত বিচার ও নির্ধারিত সময়ে মামলা নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন আদালত। একইসঙ্গে মামলাটি ঢাকার বিশেষ জজ আদালত-৯ থেকে তৃতীয় অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতে স্থানান্তর করা হয়েছে। গত ২৩ ফেব্রুয়ারি ঢাকার বিশেষ জজ আদালত-৯-এর বিচারক আব্দুস সালাম বিচারকাজ দ্রুত

সম্পন্ন করার স্বার্থে মামলাটি বিচারক মঈন উদ্দিন চৌধুরীর আদালতে পাঠানোর আদেশ দেন। সোমবার (২ মার্চ) নতুন আদালতে মামলাটির কার্যতালিকায় প্রথম দিন থাকলেও, শুনানি হয়নি। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী গোলাম নবী বলেন, নথিপত্র পর্যালোচনা শেষে আগামী ৯ মার্চ অভিযোগ গঠন বিষয়ে শুনানির দিন ধার্য করা হয়েছে। মামলার এজাহারে বলা হয়, ২০২৪ সালের ১৯ ডিসেম্বর যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি রাব্বী আলমের নেতৃত্বে আয়োজিত `জয় বাংলা ব্রিগেড,-এর এক জুম সভায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা অংশ নেন। সেখানে তিনি নেতা-কর্মীদের উদ্দেশ্যে বক্তব্যে দেশবিরোধী মন্তব্য করেন এবং তৎকালীন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূসকে উৎখাতের নির্দেশ দেন বলে অভিযোগ আনা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## বাণিজ্য চুক্তি বিতর্কের মধ্যেই মঙ্গলবার ঢাকায় আসছেন পল কাপুর

দুইদিনের সফরে মঙ্গলবার (৩ মার্চ) ঢাকায় আসছেন যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক ব্যুরোর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি এস পল কাপুর। সোমবার (২ মার্চ) ঢাকাস্থ মার্কিন দূতাবাসের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, পল কাপুরের এ সফরের লক্ষ্য যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের কৌশলগত সম্পর্ক আরও জোরদার করা। সফরকালে তিনি বাংলাদেশের নতুন সরকারের বিভিন্ন কর্মকর্তা ও ব্যবসায়ী নেতাদের সঙ্গে বৈঠক করবেন। বৈঠকে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, নিরাপত্তা সহযোগিতা বৃদ্ধি এবং ইন্দো-প্যাসিফিক অঞ্চলে অভিন্ন স্বার্থ এগিয়ে নেওয়ার বিষয়গুলো নিয়ে আলোচনা হবে বলে জানানো হয়েছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে অন্তর্বর্তীকালীন সরকারের শেষ মুহূর্তে করে যাওয়া বাণিজ্য চুক্তি নিয়ে সৃষ্ট বিতর্কের মধ্যেই ঢাকায় পা রাখছেন পল কাপুর। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## স্বর্ণের চেইন চুরির অপবাদে তিন নারীকে বেধে নির্যাতন

নারায়ণগঞ্জের রূপগঞ্জে স্বর্ণের চেইন চুরির অপবাদে তিন নারীকে গাছের সঙ্গে বেধে মারধর এবং কাঁচি দিয়ে মাথার চুল কেটে দেওয়ার অভিযোগ উঠেছে। সোমবার (২ মার্চ) দুপুরে উপজেলার ডহরগাঁও এলাকায় এই অমানবিক ঘটনা ঘটে। নির্যাতনের শিকার তিন নারী হলেন- কুমিল্লার মুরাদনগর থানার সুমাইয়া আক্তার, খুলনার খালিশপুর থানার ইতি আক্তার এবং বালিয়াপাড়া এলাকার শারমিন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ডহরগাও এলাকার সেলিম মিয়ার বাড়িতে ওই তিন নারী প্রবেশ করলে তাদের বিরুদ্ধে স্বর্ণের চেইন চুরির চেষ্টার অভিযোগ ওঠে। অভিযোগের ভিত্তিতে স্থানীয় কয়েকজন ব্যক্তি তাদের আটক করেন। পরে তাদের দড়ি দিয়ে বেধে মারধর করা হয়। একপর্যায়ে কাঁচি দিয়ে তাদের মাথার চুল কেটে দেওয়া হয় বলে জানা গেছে। তবে অভিযুক্ত তিন নারীর দাবি, তারা বাসা ভাড়া নেওয়ার উদ্দেশ্যে ওই বাড়িতে গিয়েছিলেন। তাদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ এনে গাছের সঙ্গে বেধে মারধর করা হয় এবং চুল কেটে দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## মধ্যপ্রাচ্যে বাংলাদেশি হতাহতের ঘটনায় জামায়াত আমিরের শোক

মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক হামলায় দু-জন বাংলাদেশি নাগরিক নিহত এবং কয়েকজন আহত হওয়ার ঘটনায় গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। সোমবার (২ মার্চ) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি বলেন, প্রবাসে কর্মরত আমাদের নাগরিকরা দেশের অর্থনীতির অন্যতম প্রধান ভিত্তি। তাদের মর্মান্তিক মৃত্যু জাতির জন্য গভীর বেদনার। তিনি নিহতদের রুহের মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারগুলোর প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেন। আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## শহিদ পরিবারকে উপেক্ষা করলে গণতন্ত্রের লড়াই সার্থক হবে না : রিজভী

যারা জীবন দিয়ে দেশের গণতন্ত্রের জন্য লড়াই করেছেন, তাদের যথাযথ স্বীকৃতি ও পরিবারের পুনর্বাসন নিশ্চিত করা না হলে, এই লড়াই সার্থক হবে না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। সোমবার (২ মার্চ) রাজধানীর মোহাম্মদপুরে ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে শহিদ ইউসুফের পরিবারের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রিজভী বলেন, অন্তর্বর্তী সরকার দেড় বছরের মধ্যে অনেক কাজের প্রতিশ্রুতি দিয়েছিল, তবে শহিদ ও আত্মদানকারী পরিবারের সঠিক তালিকা প্রণয়ন, গেজেট প্রকাশ এবং পুনর্বাসনের কার্যক্রম সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয়নি। তিনি জানান, বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান `আমরা বিএনপি পরিবার, গঠন করেছেন এই উদ্দেশ্যে, যাতে আত্মত্যাগকারী কোনো পরিবার বঞ্চিত না হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

## খামেনি হত্যা ও ইরান ইস্যুতে বাংলাদেশ সরকারের বার্তা `অত্যন্ত নতজানু,: নাহিদ ইসলাম

ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত এবং দেশটিতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার প্রেক্ষাপটে বাংলাদেশ সরকারের দেওয়া বার্তাকে `অত্যন্ত নতজানু, বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির

(এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় হুইপ নাহিদ ইসলাম। বাংলাদেশ আবার কোনো নতজানু পররাষ্ট্রনীতির কবলে পড়লো কি না- এমন সংশয়ও প্রকাশ করেছেন তিনি। সোমবার (২ মার্চ) বিকেলে চট্টগ্রামের দি কিং অব চিটাগং কনভেনশন সেন্টারে এনসিপি চট্টগ্রাম বিভাগ আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। নাহিদ ইসলাম বলেন, বাংলাদেশের পররাষ্ট্রনীতি হওয়া উচিত আত্মমর্যাদাপূর্ণ ও জাতীয় স্বার্থনির্ভর। আমরা দেখেছি, মুসলিম বিশ্বের এক নেতার শাহাদাতের ঘটনায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রেস রিলিজে যে ভাষা ব্যবহার করা হয়েছে, তা অত্যন্ত নতজানু। এতে জনমনে প্রশ্ন উঠেছে, কোনো পরাশক্তির স্বার্থরক্ষায় এমন অবস্থান নেওয়া হচ্ছে কি না। তিনি বলেন, আমাদের রাজনৈতিক সংগ্রাম শুধু ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে নয়, বাংলাদেশের স্বার্থের পরিপন্থি যে-কোনো পরাশক্তির আধিপত্যবাদের বিরুদ্ধেও। বাংলাদেশ কারও তাবেদার রাষ্ট্র হবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৩.২০২৬ রিহাব)

# BBC

**GAS PRICES RISE SHARPLY ON INTERNATIONAL MARKETS**

Gas prices have risen sharply on international markets in response to the tensions in the Middle East. In the UK just after midday, natural gas for delivery in April was trading up 42%, at just over 112p per therm. Qatar is a major exporter of liquefied natural gas, accounting for about a fifth of global supplies - and most of this is transported by sea through the Strait of Hormuz. While Qatar's main customers are in South and East Asia, any interruption to the trade is likely to lead to price increases on global markets, because it increases competition for shipments coming from elsewhere. The situation has been exacerbated by the closure of some gas-producing facilities in Israel as a security precaution.
(BBC News Web Page: 02/03/26, FARUK)

**LEBANESE GOVERNMENT BANS HEZBOLLAH'S ARMED ACTIVITIES**

The Lebanese government has banned Hezbollah's armed activities throughout the country, the prime minister said. The decision marks one of the clearest challenges yet to the movement's long-standing parallel authority. The move follows Hezbollah's rocket launches toward Israel on Monday, carried out without state consultation, which directly undercut the government's declared policy of avoiding regional escalation. Both President Joseph Aoun and Prime Minister Nawaf Salam framed the action as a violation of Lebanese sovereignty, warning it risked dragging the country into a broader war and providing Israel justification for retaliation. (BBC News Web Page: 02/03/26, FARUK)

**IDF SAYS IT'S KILLED SENIOR IRANIAN INTELLIGENCE OFFICIALS**

In a new statement, the Israel Defence Forces (IDF) says it's killed Sayed Yahya Hamidi, Iran's deputy minister of intelligence for Israel affairs. Jalal Pour Hossein, head of the espionage division at the ministry of intelligence, was also killed, along with other "regime officials", it says. It does not detail how, when or where they were killed. It also adds that Iran's ministry of intelligence headquarters in Tehran was struck "a short while ago".
(BBC News Web Page: 02/03/26, FARUK)

**US SAYS THREE JETS DOWNED IN 'APPARENT FRIENDLY FIRE' INCIDENT IN KUWAIT**

The Kuwaiti military said "several" US fighter planes had crashed in Kuwait - and that the circumstances of the incident were under investigation. US Central Command has just now said three of its F-15 jets "flying in support of Operation Epic Fury" - the US operation against Iran - "went down over Kuwait due to an apparent friendly fire incident". All six crew ejected safely and have been recovered, it says. (BBC News Web Page: 02/03/26, FARUK)

**SAUDI SAYS FIRE AT STATE OIL REFINERY UNDER CONTROL AFTER DRONES INTERCEPTED**

Saudi Arabia's energy ministry says a "limited fire" at the Ras Tanura refinery - which is run by the country's state oil company, Aramco - has been brought under control. The statement - shared by the Saudi Press Agency - says the refinery sustained "minor damage from falling debris" due to the interception of "two drones in the refinery's vicinity". It adds that the fire was "immediately dealt with" by emergency services, with no injuries or fatalities. Saudi Arabia has long hosted US and western military forces, and on Saturday its government issued a statement condemning "blatant and cowardly Iranian attacks". These attacks were"successfully intercepted" and targeted the Riyadh Region and Eastern Province, Saudi Arabia said. (BBC News Web Page: 02/03/26, FARUK)

**NO SIGNS THAT IRAN'S NUCLEAR FACILITIES ARE DAMAGED: NUCLEAR WATCHDOG**

The head of the UN's nuclear watchdog, Rafael Grossi, says there is no indication that any of Iran's"nuclear installations, including the Bushehr nuclear power plant, the Tehran research reactor or other nuclear fuel cycle facilities have been damaged or hit" after recent US and israeli strikes. In a statement to its board of governors, he says the International Atomic Energy Agency's (IAEA) was trying to contact the Iranian nuclear regulatory authorities but had "no response so far". He calls for "utmost restraint in all military operations" given the nuclear sites in Iran and other countries in the region, including Bahrain, Iraq, Kuwait, Oman, Qatar and Saudi Arabia. Iran's ambassador to the IAEA, Reza Najafi, told the BBC that the Natanz nuclear site was hit on Sunday.
(BBC News Web Page: 02/03/26, FARUK)

**MORE THAN 1,00,000 BRITONS REGISTER FOR HELP IN MIDDLE EAST**

A total of 1,02,000 Britons have registered their presence in the Middle East with the UK government, as Iranian strikes continue across the region. Foreign Secretary Yvette Cooper told the BBC there were an estimated 3,00,000 British citizens in Gulf countries, where much of the airspace is closed. She said many of those trapped were holidaymakers, passengers transiting through or people on business visits. Foreign Office sources said no evacuation was imminent but the government was preparing for potential scenarios if commercial flights remained grounded. (BBC News Web Page: 02/03/26, FARUK)

**ISRAEL STRIKES ON LEBANON KILL 31: HEALTH MINISTRY**

Israeli strikes on Beirut and southern Lebanon have killed 31 people and injured 149, according to Lebanon's health ministry. The toll is preliminary, a statement adds. People fleeing their homes after Israel began striking what it says are Hezbollah targets in the city,in response to an attack by the Iran-backed group. Israel has told residents of more than 50 towns and villages in Lebanon to evacuate, as it warned of attacks.
(BBC News Web Page: 02/03/26, FARUK)

**US MILITARY PLANES CRASH IN KUWAIT - CREW 'UNSCATHED'**

A "several American fighter aircraft came down this morning", says Kuwait's Ministry of Defence. The crews "survived unscathed", and were evacuated and transferred to hospitals for health checks, it adds, and confirms the conditions of the crews as "stable". The Ministry of Defence adds that it is coordinating with its US ally regarding the "circumstances of the incident", and is continuing investigations into the "causes of the incident".
(BBC News Web Page: 02/03/26, FARUK)

**OIL PRICES JUMP AND SHARES FALL AS CONFLICT ESCALATES**

Global oil prices rose as Iran continues to launch strikes across the Middle East in response to ongoing attacks by the US and Israel. Brent crude, the global benchmark for oil prices, jumped by 0% to touch more than $82 a barrel on Monday after at least three ships were attacked near the Strait of Hormuz at the weekend. Natural gas prices also surged by as much as 25%. Iran warned vessels not to pass through the crucial waterway in the south of the country, through which about 20% of the world's oil and gas is shipped. In London, the FTSE 100 stock market index opened nearly 1% down with shares in airlines falling after airspace was closed across the Middle East. (BBC News Web Page: 02/03/26, FARUK)

**UK WILL ALLOW US TO USE BASES TO STRIKE IRANIAN MISSILE SITES: PM**

The UK has agreed to a US request to use British military bases for "defensive" strikes on Iranian missiles sites , Sir Keir Starmer has said. But the prime minister said the UK had learned lessons from the "mistakes of Iraq", and was not involved in the initial strikes on Iran and "will not join offensive action now". The BBC understands the US is likely to use RAF Fairford in Gloucestershire and Diego Garcia in the Indian Ocean for strikes on Iranian missile sites. The PM made the announcement just hours before a British RAF base in Cyprus was hit by a drone strike on Sunday night with no casualties reported.
(BBC News Web Page: 02/03/26, FARUK)

## :: THE END ::